



নবীনগর-ডিইপিজেড-চন্দ্রা ৪-লেন মহাসড়ক

শুভ উদ্বোধন

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়

পটভূমি

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। উন্নত যোগাযোগ ব্যবস্থা দেশের উন্নয়নের অন্যতম প্রধান শর্ত। তাই জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে সড়ক যোগাযোগ ব্যবস্থা। সরকারের একটি অন্যতম সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক ও জনপথ অধিদপ্তর সমগ্র দেশের জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে গঠিত সড়ক নেটওয়ার্ক সংরক্ষণ ও মেরামত এবং সম্প্রসারণ ও উন্নয়নের মূখ্য ভূমিকা পালন করে আসছে। যানবাহনের সংখ্যা বৃদ্ধির কারণে যানজট নিরসনে দেশের গুরুত্বপূর্ণ মহাসড়কসমূহ ৪ লেনে উন্নীতকরণ এবং বাইপাস সড়ক নির্মাণ জরুরী হয়ে পড়ছে।

১৬ কিলোমিটার দীর্ঘ নবীনগর-ডিইপিজেড-চন্দ্রা মহাসড়কটির পার্শ্বে ঢাকা ইপিজেড, গার্মেন্টস শিল্প, ইলেক্ট্রনিক্স কারখানা ইত্যাদি অবস্থিত। রাজধানী ঢাকা হতে উত্তরাঞ্চল ও বৃহত্তর ময়মনসিংহ জেলাগামী যানবাহন এ সড়কের উপর দিয়ে যাতায়াত করে। ঢাকা-আরিচা ৪ লেন মহাসড়ক এবং আব্দুল্লাহপুর - আশুলিয়া - বাইপাইল মহাসড়কে চলাচলকারী যানবাহন ২ লেন বিশিষ্ট এ মহাসড়কে অসহনীয় যানজট সৃষ্টি করত। ফলে এ মহাসড়কটি ৪ লেনে উন্নীতকরণ জরুরী হয়ে পড়ে এবং বর্তমান সরকার ২০১০ সালে মহাসড়কটিকে ৪ লেনে উন্নীতকরণের উদ্যোগ গ্রহণ করে।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে রাজধানী ঢাকা হতে বঙ্গবন্ধু সেতু হয়ে উত্তরাঞ্চল ও বৃহত্তর ময়মনসিংহ জেলাগামী যানবাহনের যাতায়াত সময় বহুলাংশে কমানো সম্ভব হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় নবীনগর মোড়ে ১০ লেন বিশিষ্ট ইন্টারসেকশন নির্মাণ করায় ঢাকা-আরিচা মহাসড়কে সাতার জাতীয় স্মৃতিসৌধের সম্মুখের যানজটও কমে আসছে। এখন জনসাধারণ স্বল্প সময়ে রাজধানী ঢাকা হতে ঢাকা ইপিজেড-এ যাতায়াত করতে পারবেন এবং উৎপাদিত পণ্য পরিবহন সহজতর হবে, যা দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে- ইতিবাচক ভূমিকা রাখবে।



নির্মাণ কাজ পরিদর্শন



নির্মাণ কাজ



নবীনগর-ডিইপিজেড-চন্দ্রা ৪-লেন মহাসড়ক



নবীনগর ইন্টারসেকশন

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: নবীনগর-ডিইপিজেড-চন্দ্রা মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ
প্রকল্প বাস্তবায়নকারী	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
প্রকল্প ব্যয়	: ১৩০.৮৪৫৯ কোটি টাকা
অর্থায়নে	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাস্তবায়ন কাল	: মে ২০১১ হতে অক্টোবর ২০১৩
নির্মাতা প্রতিষ্ঠান	: মেসার্স মীর আকতার হোসেন লিমিটেড মেসার্স এমবিইএল - বিআরটি জেভি
পেভমেন্ট	: ১৬ কিলোমিটার
সার্ভিস লেন	: ১০ কিলোমিটার
পিসি গার্ডার সেতু	: ২টি
আরসিসি কালভার্ট	: ২৫টি
ফুটওভার ব্রিজ	: ৩টি
ড্রেনসহ ফুটপাথ	: ৯ কিলোমিটার
ইন্টারসেকশন	: ২টি (নবীনগর ও বাইপাইল)